দৈনিক বাংলা

149

তারিখ 30 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...

# প্রয়োজনে আরও বহিষ্কার করব : ভি সি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আবদুল মান্নান সম্মান ও মাস্টার্স ডিগ্রী কোর্স নির্দিষ্ট সময়ে সম্পন্ন করার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃঢ় সংকল্প ব্যক্ত করেছেন। খবর বাসসর।

তিনি জোর দিয়ে বলেন, এখন থেকে আমরা তিন বছরের সম্মান কোর্স ঠিক তিন বছরে ও এক বছরের মাস্টার্স ডিগ্রী কোর্স এক বছরে সম্পন্ন করতে চাই।

তিনি মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে রাষ্ট্রবিজ্ঞান বিভাগ ও চারুকলা ইনস্টিটিউটের নবাগতদের ওরিয়েন্টেশন কর্মসূচীতে ভাষণ দিচ্ছিলেন।

অধ্যাপক মান্নান বলেন, এখন থেকে কর্তৃপক্ষ সন্ত্রাসবাদ, গুণ্ডামী ও ছাত্রদের কোন অযৌক্তিক দাবীর কাছে নতি স্বীকার করবেন না।

তিনি বলেন, গোলযোগ সৃষ্টিকারীদের ইতিমধ্যেই বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে। ক্যাম্পাসে উপযুক্ত পরিবেশ রক্ষায় প্রয়োজনীয় আরও অভিযান চালানো হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বুলবুল ওসমান, আবুল বারক আলভি ডঃ শওকত আরা হোসেন, ডঃ মোস্তফা চৌধুরী ও মিসেস মেহেরুন্নেসা বক্তৃতা করেন।